৭/

দৈনিক খবর

তারিখ 14 SEP 1989
পৃষ্ঠা ২ কলাম ৭

# ঢাকা ভার্সিটি শিক্ষক সমিতির দাবী

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সিন্ডিকেটের বিশেষ সভা ডেকে বিশ্ববিদ্যালয়ে সকল প্রকার নিয়োগ প্রক্রিয়া চালু রাখার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে দাবী জানিয়েছে।

গতকাল বুধবার অনুষ্ঠিত শিক্ষক সমিতির এক জরুরী সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তে এ দাবী জানান হয়। এতে সভাপতিত্ব করেন অধ্যাপক মসিহুজ্জামান।

সভার সিদ্ধান্তে বলা হয়, বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষক, অফিসার ও

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## ঢাকা ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

কর্মচারীদের নিয়োগ, প্রমোশন, আপগ্রেডেশন বন্ধের অবৈধ সরকারী নির্দেশ সমিতি প্রত্যাখ্যান করছে এবং সিন্ডিকেটের বিশেষ সভা ডেকে উক্ত নির্দেশ উপেক্ষা করে বিশ্ববিদ্যালয়ে সকল প্রকার নিয়োগ প্রক্রিয়া যথারীতি চালু রাখার ব্যবস্থা করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট দাবী জানাচ্ছে। একই সংগে এ সভা এই নিন্দনীয় ও বেআইনী নির্দেশ প্রত্যাহারের জন্য সরকারের নিকট জোর দাবী জানাচ্ছে।

সরকারী নির্দেশ বাতিলের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের মাধ্যমে প্রয়োজনীয় ও সুনির্দিষ্ট কর্মসূচী গ্রহণের জন্য সভায় সুপারিশ করা হয়।